গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়, যশোর।
www.cjmcourtjashore.gov.bd

নিলাম বিজ্ঞপ্তি ৭ম (২য় বার)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এর নিম্ন বর্ণিত নিলামযোগ্য মালামাল Online নিলামে বিক্রয়ের নিমিত্তে আগামী ১১/১১/২৬ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে অনলাইন দাখিলের শর্তে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত ধার্য তারিখ ও সময়ের পূর্বে আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানকে অনলাইন নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য বলা হলো। সার্বিক তথ্য www.cjmcourtjashore.gov.bd ওয়েবে পাওয়া যাবে।

নিলামে বিক্রয়যোগ্য আলামতঃ

ক্রঃ নং	নিলামে বিক্রয়যোগ্য মালামাল সমূহের বর্ণনাঃ	পরিমাণ	মামলার বিবরণ
১.	বেনাপোল পোর্ট থানাধীন বাহাদুরপুর ইউনিয়নের ৩৬ নং বাহাদুরপুর মৌজার ১ নং খতিয়ানের ৩৩৩১ নং দাগের সরকারি জমি হতে অবৈধভাবে উত্তোলিত বালু	১৫২৩.২০M^3 (1523.20M^3)	১। বেনাপোল পোর্ট থানার মিস মামলা নং-০১/২০২৫। ২। বেনাপোল ইউনিয়ন ভূমি অফিস, শার্শা, যশোর-এর ১৫/০৪/২০২৫ খ্রি. তারিখের ১০২ নং স্মারক।

শর্তাবলী

১. যে কোন প্রাপ্ত বয়স্ক বাংলাদেশী নাগরিক জাতীয় পরিচয়পত্র, Whatsapp নম্বর নিম্নে সংযুক্ত গুগল ফর্মে সংযুক্ত করে নিলামে অংশগ্রহণ করতে পারবেন। লিংকের জন্য নিচের url এ ক্লিক করুন বা লিংক শব্দটির উপর ক্লিক করুন। লিংক-https://cjmcourtjashore.gov.bd/auction/lists ফর্মটি QR কোড (নিম্নে সংযুক্ত) থেকেও ডাউনলোড করা যাইবে।

২. নিলামে অংশগ্রহনের নিমিত্তে প্রত্যেক অংশগ্রহণকারীকে এ-চালানের মাধ্যমে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর (কোড নং-১২১০৩০২১০৪৪৬৩ ও অন্যান্য আদায়) বরাবরে অফেরতযোগ্য ৩০০/-(তিনশত টাকা) এ- চালান মূলে জমা দিয়ে এ চালানের ছায়ালিপি গুগল ফর্মে সংযুক্ত করতে হইবে। প্রত্যেক দরদাতা একটি আইটেমের জন্য একটি মাত্র দর উল্লেখ করবেন। প্রত্যেক দরদাতা একাধিক আইটেম এ অংশগ্রহণ করতে পারবেন। কোন আইটেমের ক্ষেত্রে একাধিক দরদাতা একই মূল্য প্রস্তাব করলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত হইবে।

৩. নিলাম অনুষ্ঠান শেষে নিলামের ফলাফল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর এর নোটিশ বোর্ড ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এর ওয়েব সাইটে প্রকাশ করা হইবে।

৪. নিলাম বিজয়ীকে ক্রয়কৃত মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% উৎসে কর প্রদান করতে হইবে।

৫. নিলাম বিজয়ী হওয়ার পরবর্তী কার্যদিবসে সমুদয় টাকা (ভ্যাট ও উৎসেকর সহ) পরিশোধ করে মালামাল বুঝে নিতে হইবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে পরবর্তীতে অত্র আদালতের নিলাম কার্যক্রমে অংশগ্রহণে বারিত করাসহ কালো তালিকাভুক্ত করা হইবে।

৬. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কমিটি নিলাম ডাক, স্থগিত, আংশিক স্থগিত বা সমগ্র নিলাম বাতিল করার এবং অন্য কোন যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭. জব্দকৃত আলামত যেখানে যেই অবস্থায় রয়েছে, সেই অবস্থায় বিক্রয় করা হইবে। নিলামে বিক্রয়ের পর কোন অভিযোগ গ্রহনযোগ্য হইবে না।

৮. নিলামের স্থান: অনলাইন মাধ্যম।

- **অনলাইনে নিলামে অংশগ্রহণ ও এ চালান জমাদানের তারিখ ও সময়:** ০৫/১১/২০২৬ ইং হতে ১১/১১/২০২৬ তারিখ, বিকাল ০৩.৩০ ঘটিকা।
- **আলামত পরিদর্শনের তারিখ ও সময়:** ০৫/১১/২০২৬ তারিখ থেকে ১১/১১/২০২৬ তারিখ পর্যন্ত।
- **আলামত পরিদর্শনের স্থান:** বেনাপোল পোর্ট থানাধীন বাহাদুরপুর ইউনিয়নের ৩৬ নং বাহাদুরপুর মৌজার ১ নং খতিয়ানের ৩৩৩১ নং দাগের সরকারি জমি।
- **বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ:** চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর এর ইমেইল: cjmcourtjashore@gmail.com

০৫/১১/২০২৬
(সুমনা পাল)
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও
সভাপতি, নিলাম কমিটি, সিজেএম কোর্ট, যশোর।